

রেজিস্ট্রার দপ্তর

স্মারক নং-৩৭.০১.৪১০৪.০০৫.২৩.০০৩.২০-৩৪৯৩

তারিখঃ ২২ অগ্রহায়ণ ১৪২৭
 ৭ ডিসেম্বর ২০২০

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্ম শতবার্ষিকী ও মহান বিজয় দিবস-২০২০ উদযাপন
 বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি, বাংলাদেশ এর শিক্ষার্থীদের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী “মুজিব বর্ষ” ও মহান বিজয় দিবস-২০২০ উদযাপন উপলক্ষ্যে বিস্তৃত কর্মসূচির আয়োজন করা হয়েছে। আগ্রহী শিক্ষার্থীদের নিম্নলিখিত প্রোগ্রামসমূহে অংশগ্রহণের আহ্বান জানানো যাচ্ছে।


১. বিজয় দিবস প্রোগ্রামিং প্রতিযোগিতা-২০২০: বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি, বাংলাদেশ এর আইওটি ও আইসিটিই প্রোগ্রামের শিক্ষার্থীদের অংশগ্রহণে “বিজয় দিবস প্রোগ্রামিং প্রতিযোগিতা-২০২০” এর আয়োজন করা হয়েছে। প্রোগ্রামিং প্রতিযোগিতায় অংশগ্রহণকারী দু’টি প্রোগ্রামের চারটি ব্যাচের ৪ জন শিক্ষার্থীকে ৪ টি ট্যাব পুরস্কার হিসেবে প্রদান করা হবে। চূড়ান্ত প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে আগামী ১২ই ডিসেম্বর।

২. সেমিনার: বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি, বাংলাদেশ এর আইওটি ও আইসিটিই প্রোগ্রামের শিক্ষার্থীদের অংশগ্রহণে “২০৪১-এ ডিজিটাল ইজেশনের মাধ্যমে উন্নত-সমৃদ্ধ বাংলাদেশ গড়তে বিডিইউ-এর ভূমিকা” শিরোনামে সেমিনার এর আয়োজন করা হয়েছে। উল্লেখিত বিষয়ের উপর ৩০০ শব্দের সারসংক্ষেপ বিডিইউ এল.এম.এস এ জমা প্রদানের শেষ তারিখ ২২শে ডিসেম্বর ২০২০। আগামী ২৪শে ডিসেম্বর বিকাল ০৩:০০ টায় জুম অনলাইন মিটিং এর মাধ্যমে নির্বাচিত উপস্থাপকগণ তাদের আইডিয়া উপস্থাপন করবেন। যেখানে প্রত্যেক উপস্থাপক তার উপস্থাপনার জন্য ৫ মিনিট করে সময় পাবেন। এর মধ্য থেকে দুই জন বিজয়ীকে ট্যাব প্রদান করা হবে।

৩. আইডিয়াথন: বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি, বাংলাদেশ এর আইওটি ও আইসিটিই প্রোগ্রামের শিক্ষার্থীদের অংশগ্রহণে “Innovative Idea Contest for Developing Smart Village” শীর্ষক আইডিয়াথন এর আয়োজন করা হয়েছে। উল্লেখিত বিষয়ের উপর ২০০০ শব্দের মধ্যে বিডিইউ এল.এম.এস এ আইডিয়া জমা প্রদানের শেষ তারিখ ২২শে ডিসেম্বর ২০২০। আগামী ২৭শে ডিসেম্বর বিকাল ০৩:০০ টায় জুম অনলাইন মিটিং এর মাধ্যমে নির্বাচিত উপস্থাপকগণ তাদের আইডিয়া উপস্থাপন করবেন। দু’টি প্রোগ্রামের চারটি ব্যাচের ৪ জন শিক্ষার্থীকে ৪ টি ট্যাব পুরস্কার হিসেবে প্রদান করা হবে।

বিঃদ্রঃ জমা দেওয়ার জন্য LMS লিংক ইমেইল এর মাধ্যমে জানিয়ে দেওয়া হবে।

উপাচার্য মহোদয়ের নির্দেশক্রমে



(মোঃ আশরাফ উদ্দিন)

রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)


বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি, বাংলাদেশ

স্মারক নং-৩৭.০১.৪১০৪.০০৫.২৩.০০৩.২০-৩৪৯৩

তারিখঃ ২২ অগ্রহায়ণ ১৪২৭
 ৭ ডিসেম্বর ২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। একান্ত সচিব- উপাচার্য মহোদয়, বিডিইউ।
- ২। আইসিটি দপ্তর (Website ও LMS-এর Notice এ দেওয়ার জন্য অনুরোধ করা হল)।
- ৩। অফিস কপি।
- ৪। গার্ড ফাইল।


 সেকশন অফিসার

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি, বাংলাদেশ